



## দা American Rescue Plan বেশিরভাগ নিউ ইয়র্কবাসীদের জন্য হেলথ কভারেজের খরচ কম করেছে

### NY State of Health

নতুন আর্থিক সহায়তা বুঝতে,  
আপনার ট্যাক্সের ক্রেডিট পরিমাণ  
আপডেট করতে, এবং একটি স্বাস্থ্য  
পরিকল্পনা কেনাকাটা করতে ও বেছে  
নিতে আপনাকে সাহায্য করতে পারে।

### NY State of Health-এর সাথে যোগাযোগ করুন:



অনলাইনে সংযুক্ত হোন:

[nystateofhealth.ny.gov](https://nystateofhealth.ny.gov)



গ্রাহক পরিষেবা কেন্দ্রে ফোন করুন:

1-855-355-5777

(TTY: 1-800-662-1220) নম্বরে



একজন নথিভুক্তকরণে সহায়তাকারীর থেকে

বিনামূল্যে সাহায্য পান। এখানে খুঁজে দেখতে

পারেন: [info.nystateofhealth.](https://info.nystateofhealth.ny.gov/findassistor)

[ny.gov/findassistor](https://info.nystateofhealth.ny.gov/findassistor)

### নতুন আর্থিক সহায়তা বোঝা

- দা American Rescue Plan আইন হিসেবে স্বাক্ষর করা হয়েছিল 11 মার্চ, 2021 তারিখে। এর মধ্যে রয়েছে NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য বিমায় নিউ ইয়র্কবাসীদের নথিভুক্ত করার জন্য নতুন এবং বৃহত্তর আর্থিক সহায়তা।
- এই আর্থিক সহায়তা **প্রথমবারের জন্য উচ্চ-আয়ের ব্যক্তিরা সহ, বর্তমান ও নতুন নথিভুক্তকারীদের** জন্য উপলব্ধ।
- আপনার কি করা দরকার সে সম্পর্কে অবহিত হবার জন্য NY State of Health –এর বিজ্ঞপ্তি এবং ইমেলের দিকে নজর রাখুন।
- দা American Rescue Plan সম্পর্কে আরো জানতে, অনুগ্রহ করে যান এখানে:  
<https://info.nystateofhealth.ny.gov/AmericanRescuePlan>

NY State of Health প্রযোজ্য ফেডারেল নাগরিক অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয় উৎস, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/পারিবারিক অবস্থা, প্রতিবন্ধকতা, গর্ভাবস্থা, গ্রেপ্তারির রেকর্ড, অপরাধের জন্য দোষী সাব্যস্ত, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, পূর্বনির্ধারিত জিনগত বৈশিষ্ট্য, সামরিক পদমর্যাদা, গার্বস্থ্য সহিংসতার শিকার স্থিতি এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যতা করে না।

## দা American Rescue Plan বেশিরভাগ নিউ ইয়র্কবাসীদের জন্য হেলথ কভারেজ-এর খরচ কম করেছে

আপনাকে কী জানতে হবে:

**আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত থাকলে এবং আর্থিক সহায়তা পেয়ে থাকলে:**

- আপনি এখন আরো বেশি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য।
- NY State of Health আপনাকে এপ্রিলের শুরুতে আপনার নতুন, বৃহত্তর ট্যাক্স ক্রেডিটের পরিমাণ জানিয়ে একটি চিঠি পাঠিয়েছে।
- NY State of Health স্বয়ংক্রিয়ভাবে আপনার জন্য আপনার ট্যাক্স ক্রেডিটের পরিমাণ বাড়িয়েছে। আপনি আপনার NY State of Health অ্যাকাউন্টে লগ ইন করে, আপনার তালিকাভুক্তিতে সহায়তাকারীর সাথে যোগাযোগ করে, বা 1-855-355-5777 নম্বরে ফোন করে, আপনার তথ্য পরিবর্তন করতে পারেন।

**আপনি একটি NY State of Health-এর আবেদন শুরু করেছিলেন কিন্তু কোনো স্বাস্থ্য প্লানে নথিভুক্ত না করে থাকলে:**

- যদি আপনাকে আগে বলা হয়ে থাকে যে আপনি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য ছিলেন, তাহলে আপনি এখন সম্ভবত আরো বেশি পাওয়ার যোগ্য। এখনই আপনার NY State of Health অ্যাকাউন্টে পুনরায় লগ ইন করুন এবং দেখুন আপনি বৃহত্তর ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য কিনা, তারপর একটি প্লান কিনুন ও বেছে নিন।
- আপনাকে আগে যদি বলা হয়ে থাকে যে আপনি আর্থিক সহায়তার জন্য যোগ্য নন, তবে সম্ভবত NY State of Health আপনাকে আপনি যে যোগ্য তা অবহিত করানোর জন্য সম্প্রতি একটি নোটিশ পাঠিয়েছে। এখনই আপনার NY State of Health অ্যাকাউন্টে পুনরায় লগ ইন করুন এবং দেখুন আপনি বৃহত্তর ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য কিনা, তারপর কেনাকাটা করুন ও একটি প্লান বেছে নিন।

**আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত থাকলে এবং আর্থিক সহায়তা না পেয়ে থাকলে:**

- আপনি এখন প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের যোগ্য হতে পারেন।
- আপনি যদি যোগ্য হন তবে NY State of Health আপনাকে আপনার নতুন ট্যাক্স ক্রেডিটের পরিমাণের উল্লেখ করে একটি চিঠি পাঠাবে। কিভাবে আপনার ট্যাক্স ক্রেডিটের জন্য আবেদন করতে হবে তার নির্দেশিকা উপলব্ধ হবে:  
<https://info.nystateofhealth.ny.gov/AmericanRescuePlan>

**আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত না থাকলে এবং কখনও আবেদন না করে থাকলে:**

- আপনি কী পাওয়ার যোগ্য তা দেখার জন্য এখনই আবেদন করুন এখানে [nystateofhealth.ny.gov](https://nystateofhealth.ny.gov)।
- বেশিরভাগ নিউ ইয়র্কবাসী কম খরচের বা বিনামূল্যের কভারেজ পাওয়ার যোগ্য।